



তারিখঃ ২৮ জুলাই ২০২০



## শোকবার্তা

আমরা অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, নওগাঁ-৬ আসনের সাংসদ ও জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জনাব মো. ইসরাফিল আলম গতকাল সোমবার ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর এই অকাল মৃত্যুতে ব্লাস্ট পরিবার গভীরভাবে শোকাহত।

বিশিষ্ট রাজনীতিবিদ সাংসদ জনাব ইসরাফিল আলম ২০০৮ সালে নবম জাতীয় সংসদ নির্বাচনে প্রথমবার সংসদ সদস্য নির্বাচিত হয়ে সেই সংসদের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি ছিলেন। তিনি আজীবন শ্রমজীবী মানুষের কল্যাণে কাজ করে গেছেন। বিশেষ করে অভিবাসী কর্মীদের অধিকার ও মর্যাদা রক্ষায় তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। এছাড়াও তিনি সমবায় আন্দোলনের অন্যতম নেতা ছিলেন।

তাঁর মৃত্যুতে দেশ একজন প্রতিশ্রুতিশীল ও গণমানুষের নেতাকে হারালো।

আমরা এই বলিষ্ঠ রাজনীতিবিদের বিদেহী আত্মার শান্তি কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারকে আন্তরিক সমবেদনা জানাচ্ছি।

ব্লাস্ট পরিবারের পক্ষ থেকে,

বিচারপতি মোঃ নিজামুল হক

বিচারপতি (অবসরপ্রাপ্ত) আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং

মূখ্য আইন উপদেষ্টা, ব্লাস্ট